আমরা কি চাই কেন চাই কিভাবে চাই

হাবীবুল্লাহ মাহমুদ

আমরা
কি চাই
কেন চাই
কিভাবে চাই

হাবীবুল্লাহ মাহমুদ

শেষ্টিম
প্রকাশনী

আমরা কি চাই, কেন চাই, কিভাবে চাই

লেখকঃ হাবীবুল্লাহ মাহমুদ বিন আব্দুল ক্বদীর

সম্পাদকঃ জিহাদুল ইসলাম

অনুলিপকঃ মূসা বিন এনামুল হক

গ্রন্থস্বত্বঃ অন্তিম প্রকাশনী

প্রথম প্রকাশঃ শাবান, ১৪৪৭ হিজরী
জানুয়ারি, ২০২৬ ঈসায়ী

মুদ্রণঃ জানুয়ারি, ২০২৬

প্রকাশনায়ঃ অন্তিম প্রকাশনী

হাদিয়াঃ ৬০ (ষাট) টাকা মাত্র।

ওয়েবসাইটঃ https://gazwatulhind.site
কাফেলাঃ https://linktr.ee/kafela_official

যোগাযোগঃ backup.2024@hotmail.com

অন্যান্য বইগুলোঃ https://cutt.ly/akhirujjamanbooks
https://dl.gazwatulhind.site

বই কিনুনঃ http://cutt.ly/ontim_prokashoni

AMRA KI CHAI, KENO CHAI, KIVABE CHAI WRITTEN BY HABIBULLAH MAHMUD BIN ABDUL QADIR, EDITED BY JIHADUL ISLAM. PUBLISHED BY ONTIM PROKASHONI. COPYRIGHT: PUBLISHER. 1st PUBLISHED ON: JANUARY, 2026 ISAYI, SHABAN 1447 AH HIJRI.

সূচিপত্র

	পৃষ্ঠা
লেখক পরিচিতি	০৪
সম্পাদকের কথা	০৫
ভূমিকা	০৭
আমরা কি চাই, কেন চাই, কিভাবে চাই	০৯
প্রথম অংশ : কি চাই, কেন চাই	
আমাদের লক্ষ্য-উদ্দেশ্য	১০
লক্ষ্য	১০
উদ্দেশ্য	১১
দ্বিতীয় অংশ : কিভাবে চাই	
আমাদের কর্মপদ্ধতি	১৩
সরল পথে শয়তানের ফাঁদ	১৬
জানা প্রয়োজন	২৩
দ্বীন প্রতিষ্ঠার কাজে আল্লাহর রসূল ﷺ এর ৪ দফা কর্মসূচি বাস্তবায়ন	৩৩
[১] দাওয়াত ও তাবলীগ	৩৩
[২] ইলমের তা'লিম	৩৮
[৩] তাযকিয়াতুন নফস	৪০
[৪] জিহাদ ফি সাবিলিল্লাহ	৪৪

লেখক পরিচিতি

নাম মাহমুদ। ডাকনাম জুয়েল মাহমুদ, তাঁর স্বজনদের অনেকে তাকে সোহেল নামেও ডাকে এবং বাংলাদেশসহ ভারতবর্ষের অনেক অঞ্চলের মানুষই তাকে "হাবীবুল্লাহ মাহমুদ" নামে চেনে। পিতা আব্দুল কুদীর বিন আবুল হোসেন এবং জননী সাহারা বিনতে রিয়াজ উদ্দিন।

জন্ম: তিনি ১৪১৬ হিজরীর জুমাদিউল আওয়াল মাসের ৬ তারিখ (ঈসায়ী ১৯৯৫ সালের ১লা অক্টোবর) রবিবার সকালে নাটোরের বাগাতিপাড়া উপজেলার পাঁকা ইউনিয়নের অন্তর্গত উত্তর গাঁওপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন।

পিতা-মাতার দিক থেকে কয়েক জন উর্ধ্বতন পুরুষের নাম:

■ পিতার দিক হতে- আব্দুল কুদীর বিন আবুল হোসেন বিন আব্দুল গফুর বিন খাবীর বিন আব্দুল বাকী বিন মাওলানা নজির উদ্দিন আল-যোবায়েরী (রহঃ) বিন মোল্লা আব্দুছ ছাত্তার মুর্শিদাবাদী বিন শাইখ আবদে হাকিম ইউসুফী (রহিঃ)। যিনি ১৭৮৪ খ্রিষ্টাব্দে ইংরেজদের বিরুদ্ধে ভারতবর্ষের কিছু সংখ্যক মুসলিম যোদ্ধাদের নিয়ে 'বদরী কাফেলা' নামে একটি সংগঠন তৈরী করেন এবং তাঁর মাধ্যমে ইংরেজদের সাথে লড়াই করেন। অতঃপর ১৭৯৩ খ্রিষ্টাব্দে মার্চের ৩ তারিখে তিনি ইংরেজদের হাতে বন্দী হন এবং কলিকাতায় ইংরেজদের কারাগারে বন্দী থাকেন। পরিশেষে তিনি ইংরেজদের নির্যাতনের শিকার হয়ে ১৭৯৩ খৃষ্টাব্দে ২৮শে জুলাই বাদ আসর কারাগারে ইন্তেকাল করেন।[১]

■ মাতার দিক হতে- সাহারা বিনতে রিয়াজ উদ্দিন বিন ইব্রাহীম বিন কাসেম মোল্লা ওরফে কালু মোল্লা বিন বাহলুল বিন নূর উদ্দিন হেরা পাঠান, যিনি পাকিস্তানের বেলুচিস্তানের অধিবাসী ছিলেন।

শিক্ষা জীবন: তিনি স্থানীয় সালিমপুর মালিগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৫ম শ্রেণী পর্যন্ত পড়া-লেখা করেন। অতঃপর তাঁর নানার সহযোগিতায় স্থানীয় গাঁওপাড়া হাফেজিয়া মাদ্রাসায় ভর্তি হন এবং সেখান থেকে কুরআনের নাজরানা শেষ করে তিনি কিছু অংশ মুখস্থও করেন। অতঃপর বাঘা মাদরাসায় ভর্তি হয়ে সেখান থেকে তিনি ইসলামের প্রাথমিক শিক্ষা সমাপ্ত করেন।

---

১. ভারতবর্ষের মুসলিমদের ইতিহাস (মুসলিম শাসন), লেখক: আব্দুল করিম মোতেম, (পৃষ্ঠা ৩০৬)।

সম্পাদকের কথা

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

নাহমাদুহূ ওয়া নুছল্লী ‘আলা রসূলিহিল কারীম ওয়া ‘আলা আ-লিহী ওয়া আছহা-বিহী ওয়াস-সিদ্দিকীনা ওয়াশ-শুহাদা-ই ওয়া কুল্লি মান ইত্তাবা’আল-হুদা ওয়া দ্বীনিল হাক্ক। আম্মা বা’আদ;

পৃথিবীতে যত সৃষ্টি আছে সবকিছুই কোন না কোন লক্ষ্য-উদ্দেশ্য নিয়ে তৈরি, লক্ষ্য-উদ্দেশ্য দিয়ে তৈরি। যেমন বলা হয়েছে-

আর মানুষ ও জ্বিনকে কেবল এজন্যই সৃষ্টি করেছি যে, তারা আমার ইবাদত করবে। (সূরহ যারিয়াত, আ: ৫৬)

যিনি সৃষ্টি করেছেন মৃত্যু ও জীবন, তোমাদের পরীক্ষা করার জন্য -কে তোমাদের মধ্যে কর্মে উত্তম? তিনি পরাক্রমশালী, ক্ষমাশীল। (সূরহ মূলক, আ: ২)

সকল সৃষ্টিকে জীব ও জড় হিসেবে আলাদা ভাগে ভাগ করা হয়। আর জীবের মধ্যে আবার তাদের জীবন ধারণের জন্য লক্ষ্য-উদ্দেশ্য ঠিক করে দেওয়া হয়। যেমন মৌমাছিকে তাঁর লক্ষ্য-কর্ম বিষয়ে বলে দেওয়া হচ্ছে-

তোমার প্রতিপালক মৌমাছির প্রতি ইলহাম করেছেন যে- পাহাড়ে, বৃক্ষে আর উঁচু চালে বাসা তৈরি কর। অতঃপর প্রত্যেক ফল থেকে আহার কর, অতঃপর তোমার প্রতিপালকের (শিখানো) সহজ পদ্ধতি অনুসরণ কর। এর পেট থেকে রং-বেরং এর পানীয় বের হয়। এতে মানুষের জন্য আছে আরোগ্য। চিন্তাশীল মানুষের জন্য এতে অবশ্যই নিদর্শন আছে। (সূরহ নাহল, আ: ৬১)

এভাবে প্রত্যেক জীবকে তাঁর লক্ষ্য-উদ্দেশ্য-পদ্ধতি আল্লাহ তাআলা শিক্ষা দিয়েছেন। আর প্রতি জীবই তা অনুসরণ করে দুনিয়ার জীবন অতিবাহিত করে থাকে। সাথে তারা আল্লাহর প্রশংসা ও পবিত্রতা বর্ণনা করে-

আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে সমস্তই আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (সূরহ ছফ, আ: ১)

সাথে বিশ্বাস করে আল্লাহর সার্বভৌমত্ব ও তাওহীদ-

অতি মহান ও শ্রেষ্ঠ তিনি, সর্বময় কর্তৃত্ব ও রাজত্ব যাঁর হাতে; তিনি সব কিছুর উপর ক্ষমতাবান। (সূরহ মূলক, আ: ১)

কিন্তু জীবের মধ্যে মানুষ ও জীনকে সৃষ্টির কারণ আল্লাহর ইবাদত করা হলেও তাদেরকে দেওয়া হয়েছে স্বাধীনতা ও বিবেক-বুদ্ধি। যা দিয়ে তারা চিন্তা করতে পারে, সিদ্ধান্ত নিতে পারে। তারা আল্লাহকে জেনে বুঝে ইবাদত করতে পারে কিংবা অস্বীকারও করতে পারে। আল্লাহর আনুগত্য মেনে জীবন অতিবাহিত করলে তাঁর সন্তুষ্টি তথা জান্নাত এবং অস্বীকার/অমান্য করলে তাঁর অসন্তুষ্টি তথা জাহান্নামের ঘোষণা দিয়ে আল্লাহ তায়ালা উল্লেখ করেছেন- তাঁর আনুগত্য করতে হলে মানুষ ও জীন জাতির লক্ষ্য-উদ্দেশ্য-কর্মপদ্ধতি কি হতে হবে। যার কোন লক্ষ্য-উদ্দেশ্য নাই সে সব সময় হতাশা, অন্তরজ্বালা-বিষণ্নতা ও একাকীত্বের মত কঠিন ব্যাধিতে ভোগে। আর যখন এই ব্যাধিতে ভোগে তখন তাঁর কাছে জীবন মনে হয় অদরকারী, অযথা, দুঃখভরা-কষ্টকর। তাই আল্লাহ তায়ালা যে বিবেক-বুদ্ধি মানুষ ও জীন জাতিকে দিয়েছেন এর সাথে সে শিক্ষাও দিয়েছেন লক্ষ্য-উদ্দেশ্য, করণীয়-বর্জনীয়, শত্রু-মিত্র ইত্যাদি বিষয়ে, তা আমাদেরকে দায়িত্ব নিয়ে জেনে এই দুনিয়ার জীবনে পালন করতে হবে। তাই আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্য নিয়ে আমাদের লক্ষ্য কি হবে, আমাদের করনীয় কি হবে তাঁরই সার সংক্ষেপ একটি আলোচনা এই বইটি। যার নাম লেখক দিয়েছেন- ‘‘আমরা কি চাই, কেন চাই, কিভাবে চাই’’।

আমি আশা রাখি, বইটি পাঠের মাধ্যমে মুসলিমরা তাদের লক্ষ্য-উদ্দেশ্য ও কর্মপদ্ধতি সম্পর্কে যথেষ্ট জ্ঞানলাভ করতে পারবে, ইনশা আল্লাহ।

সম্পাদক
জিহাদুল ইসলাম

ভূমিকা

বিসমিল্লাহির রহমানির রহীম

ইন্নাল হামদা লিল্লাহি নাহমাদুহু ওয়ানুছল্লি ‘আলা রসূলিহিল কারীম, আম্মাবাদ।

সম্মানিত পাঠক! আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ। অতঃপর আমরা মহান আল্লাহ তা’য়ালার বান্দাহ যাদেরকে মহান আল্লাহ তা’য়ালা উত্তম কাঠামো দ্বারা সৃষ্টি করেছেন। মহান আল্লাহ তা’য়ালা বলেন-

لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْٓ اَحْسَنِ تَقْوِيْمٍ ﴿٤﴾

অবশ্যই আমি মানুষকে সৃষ্টি করেছি সর্বোত্তম গঠনে। (সূরহ ত্বীন, আ: ৪)

অর্থাৎ মহান আল্লাহ তা’য়ালা মানুষকে কোনো পশু-পাখি, সাপ-বিচ্ছু কিংবা অন্য কোনো পোকা-মাকড়ের গঠনে সৃষ্টি করেননি; সৃষ্টি করেছেন সর্বোত্তম গঠনে, যাদের ঘাড় পশু-পাখির মতো সৃষ্টিগত ভাবেই সিজদা অবনত থাকে না। মানুষকে মহান আল্লাহ তা’য়ালা এমন স্বাধীনতা দিয়েছেন যে, মানুষ ভালো-মন্দ বুঝে, সত্য-মিথ্যা বুঝে মহান আল্লাহ তা’য়ালার নিকট সিজদা অবনত করবে। এজন্য মহান আল্লাহ তা’য়ালা মানুষকে ভালো-মন্দ বোঝার জ্ঞান দান করেছেন। আল্লাহ তা’য়ালা বলেন-

وَنَفْسٍ وَّمَا سَوّٰىهَا ﴿٧﴾ فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰىهَا ﴿٨﴾

শপথ আত্মার এবং তার সুঠাম গঠনের। অতঃপর তাকে তার অসৎকর্ম ও সৎকর্মের জ্ঞান দান করেছেন। (সূরহ আশ-শামস, আ: ৭-৮)

আর মহান আল্লাহ তা’য়ালা আমাদেরকে এতো উত্তমভাবে এই জন্য সৃষ্টি করেছেন যে, আমরা যেন একনিষ্ঠভাবে মহান আল্লাহ তা’য়ালার ইবাদত করি। মহান আল্লাহ তা’য়ালা বলেন-

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْاِنْسَ اِلَّا لِيَعْبُدُوْنِ ﴿٥٦﴾

আর মানুষ ও জ্বিনকে কেবল এজন্যই সৃষ্টি করেছি যে, তারা আমার ইবাদত করবে। (সূরহ যারিয়াত, আ: ৫৬)

যেহেতু মহান আল্লাহ তা'য়ালা আমাদেরকে সর্বোত্তম গঠনে সৃষ্টি করেছেন। অন্যান্য জন্তু-জানোয়ারের মতো কোন আকৃতিতে সৃষ্টি করেননি। সেহেতু আমাদের জন্যও একমাত্র কর্ম হলো অন্যান্য জন্তু-জানোয়ারের মতো জ্ঞানহীন ও কর্মহীন ভাবে জীবন অতিবাহিত না করে একনিষ্ঠভাবে মহান আল্লাহ তা'য়ালার ইবাদত করা। আর সেই ইবাদত আমাদের তৈরীকৃত মনগড়া ইবাদত করলে হবে না। নিজের খেয়াল-খুশির অনুসরণ করে আল্লাহর ইবাদত করা যায় না।

আল্লাহর ইবাদত করতে হলে তাকে অবশ্যই আল্লাহর ইবাদত সম্পর্কে জানতে হবে, বুঝতে হবে। এবং তার লক্ষ্য উদ্দেশ্য স্থির করতে হবে।

আর সেই জানা-বোঝা এবং লক্ষ্য-উদ্দেশ্য স্থির করণের সহায়িকা হিসেবে একটি কিতাব রচনা করলাম। আমি তার নামকরণ করলাম-

"আমরা
কি চাই
কেন চাই
কিভাবে চাই"

আশা করি বইটি পড়ে পাঠকগণ উপকৃত হবেন, ইংশাআল্লাহ।

নিবেদক
মাহমুদ বিন আব্দুল ক্বদীর
০৩/০১/২০২৬ ঈসায়ী

আমরা কি চাই, কেন চাই, কিভাবে চাই

অত্র কিতাবটি মূলত দুই ভাগে আলোচনা করা যায়। যথা-

[১] লক্ষ্য-উদ্দেশ্য অর্থাৎ কি চাই, কেন চাই।
[২] কর্মপদ্ধতি অর্থাৎ কিভাবে চাই।

কিতাবটির প্রথম ভাগের আলোচনায় উল্লেখ করবো-

মুসলিম বান্দার কি চাওয়া উচিত বা তাদের লক্ষ্য-উদ্দেশ্য কিংবা তাদের চাওয়া কি অর্থাৎ আমরা কি চাই, কেন চাই।

কেননা, বান্দার পাওয়াটা হলো চাওয়ার সাথে সম্পৃক্ত। বর্ণিত হাদিস- আল্লাহর রসূল ﷺ বলেছেন, আল্লাহ তা'য়ালা বলেছেন- "আমার এবং আমার বান্দার মধ্যে ছলাতকে আমি দু'ভাগে বিভক্ত করেছি। আর আমার বান্দার জন্য তাই রয়েছে যা সে চায়। বান্দাহ 'اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ তথা সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি সৃষ্টিকুলের রব' বললে, আল্লাহ বলেন- আমার বান্দা আমার প্রশংসা করেছে। আর যখন সে 'الرَّحْمٰنِ الرَّحِيْمِ। অর্থাৎ যিনি পরম করুণাময়, অতি দয়ালু' বলে, তখন আল্লাহ বলেন- আমার বান্দা আমার গুণগান করেছে। আর যখন সে বলে 'مٰلِكِ يَوْمِ الدِّيْنِ অর্থাৎ বিচার দিনের মালিক', তখন আল্লাহ বলেন- আমার বান্দা আমাকে সম্মানে ভূষিত করেছে। আর যখন সে বলে 'اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ অর্থাৎ আমরা আপনারই ইবাদাত করছি এবং আপনারই নিকট সাহায্য চাই', তখন আল্লাহ বলেন- এটা আমার ও আমার বান্দার মধ্যে। আর আমার বান্দার জন্য তাই রয়েছে যা সে চায়। আর যখন সে বলে 'اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ অর্থাৎ আমাদেরকে সরল পথ দেখান। দের পথ, যাদের প্রতি তুমি অনুগ্রহ করেছ। তাদের পথ নয়, যারা গজবপ্রাপ্ত (ইয়াহূদী) ও পথভ্রষ্ট (খ্রিস্টান)', তখন আল্লাহ বলেন- এটা আমার বান্দার জন্য আর আমার বান্দার জন্য তাই রয়েছে যা সে চায়।" (সহিহ মুসলিম, হা: ৩৯৫)

অর্থাৎ কিছু পেতে হলে অবশ্যই বান্দার অন্তরে চাওয়া বা লক্ষ্য-উদ্দেশ্য থাকতে হবে।

সুতরাং কিতাবটির প্রথম ভাগের চাওয়া বা লক্ষ্য-উদ্দেশ্য নিয়ে প্রথমে আলোচনা করবো, ইংশাআল্লাহ। কেননা লক্ষ্য-উদ্দেশ্যহীন ব্যক্তিদের সম্পর্কে হাদিসে বর্ণিত আছে-

حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخَ، حَدَّثَنَا جَرِيرٌ، يَعْنِي ابْنَ حَازِمٍ حَدَّثَنَا غَيْلاَنُ بْنُ، جَرِيرٍ عَنْ أَبِي قَيْسِ بْنِ رِيَاحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ "مَنْ خَرَجَ مِنَ الطَّاعَةِ وَفَارَقَ الْجَمَاعَةَ فَمَاتَ مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً وَمَنْ قَاتَلَ تَحْتَ رَايَةٍ عُمِّيَّةٍ يَغْضَبُ لِعَصَبَةٍ أَوْ يَدْعُو إِلَى عَصَبَةٍ أَوْ يَنْصُرُ عَصَبَةً فَقُتِلَ فَقِتْلَةٌ جَاهِلِيَّةٌ وَمَنْ خَرَجَ عَلَى أُمَّتِي يَضْرِبُ بَرَّهَا وَفَاجِرَهَا وَلاَ يَتَحَاشَ مِنْ مُؤْمِنِهَا وَلاَ يَفِي لِذِي عَهْدٍ عَهْدَهُ فَلَيْسَ مِنِّي وَلَسْتُ مِنْهُ" .

হযরত আবু হুরাইরা (রা:) বলেন, আল্লাহর রসূল ﷺ বলেছেন- "যে ব্যক্তি আমীরের আনুগত্য থেকে বেরিয়ে গেল এবং জামায়াত থেকে বিচ্ছিন্ন হয়ে গেল, সে জাহিলিয়াতের মৃত্যু বরণ করল। আর যে ব্যক্তি লক্ষ্যহীন নেতৃত্বের পতাকাতলে যুদ্ধ করে, আসাবিয়াতের[১] জন্য ক্রুদ্ধ হয় অথবা আসাবিয়াতের দিকে আহবান করে অথবা গোত্রের সাহায্যার্থে যুদ্ধ করে (আল্লাহর সন্তুষ্টির কোন ব্যাপার থাকে না), আর তাতে নিহত হয়। সে জাহিলিয়াতের মৃত্যুবরণ করে।" (ছহিহ মুসলিম, প্রশাসন ও নেতৃত্ব অধ্যায়, ই. ফা. হা নং: ৪৬৩৩, হা. একাডেমী নং: ৪৬৩৯)

আমাদের লক্ষ্য-উদ্দেশ্য

লক্ষ্য:

আমাদের লক্ষ্য- আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার মাধ্যমে মুসলিম উম্মাহকে খিলাফাতিন আলা মিনহাজুন নুবুওয়্যাহ তথা নবুওয়াতের আদলে খিলাফাহ উপহার দেওয়া।

عَنِ النُّعْمَانِ بن بشير عَنْ حُذَيْفَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَكُونُ النُّبُوَّةُ فِيكُمْ مَا شَاءَ اللَّهُ أَنْ تَكُونَ ثُمَّ يَرْفَعُهَا اللَّهُ تَعَالَى ثُمَّ تَكُونُ خِلَافَةٌ عَلَى مِنْهَاجِ النُّبُوَّةِ مَا شَاءَ اللَّهُ

১। আসাবিয়াত অর্থ হচ্ছে গোত্রপ্রীতি, দলপ্রীতি, স্বজনপ্রীতি, পক্ষপাতিত্ব, জাতীয়তাবাদ। যে ব্যক্তি আসাবিয়াতের দিকে লোকদেরকে আহ্বান করে, নিজে আসাবিয়াতের ওপর যুদ্ধ করে এবং এর ওপর মৃত্যুবরণ করে, সে ব্যক্তি আমাদের দলের নয় (মিশকাত ৪৬৮৮)। যে জাতীয়তাবাদের দিকে আহ্বান করে সে যেন তার পিতার লিঙ্গ কামড়ে ধরে আছে। এবং একথা বলতে তোমরা যেন লজ্জাবোধ না করো (আদাবুল মুফরাদ ৯৬৩)। আরো বলা হয়েছে- আসাবিয়াত হলো তোমার গোত্রকে অন্যায় ব্যাপারে সাহায্য করা (মিশকাত ৪৬৮৬)।

أَنْ تَكُونَ ثُمَّ يَرْفَعُهَا اللَّهُ تَعَالَى ثُمَّ تَكُونُ مُلْكًا عَاضًّا فَتَكُونُ مَا شَاءَ اللَّهُ أَنْ تَكُونَ ثُمَّ يَرْفَعُهَا اللَّهُ تَعَالَى ثُمَّ تَكُونُ مُلْكًا جَبْرِيَّةً فَيَكُونُ مَا شَاءَ اللَّهُ أَنْ يَكُونَ ثُمَّ يَرْفَعُهَا اللَّهُ تَعَالَى ثُمَّ تَكُونُ خِلَافَةً عَلَى مِنْهَاجِ نُبُوَّةٍ» ثُمَّ سَكَتَ قَالَ حَبِيبٌ: فَلَمَّا قَامَ عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ كَتَبْتُ إِلَيْهِ بِهَذَا الْحَدِيثِ أُذَكِّرُهُ إِيَّاهُ وَقُلْتُ: أَرْجُو أَنْ تَكُونَ أَمِيرَ الْمُؤْمِنِينَ بَعْدَ الْمُلْكِ الْعَاضِّ وَالْجَبْرِيَّةِ فَسُرَّ بِهِ وَأَعْجَبَهُ يَعْنِي عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ.

হযরত নুমান ইবনু বাশীর (রা:), হুযায়ফা (রা:) হতে বর্ণনা করেন: রসূল ﷺ বলেছেন- ‘‘আল্লাহ যতদিন চাইবেন ততদিন তোমাদের মাঝে নবুওয়্যাত বিদ্যমান থাকবে। অতঃপর আল্লাহ নবুওয়্যাত উঠিয়ে নিবেন। অতঃপর আল্লাহ যতদিন চাইবেন ততদিন খিলাফাতিন আলা মিনহাজিন নুবুওয়্যাহ তথা নবুয়্যাতের আদলে খিলাফা থাকবে। অতঃপর এমন এক সময় আসবে তাও উঠিয়ে নেবেন। তারপর প্রতিষ্ঠিত হবে ‘মুলকান আ’দ্বোন’ তথা ধ্বংসকারী বাদশাহী। আল্লাহর ইচ্ছানুযায়ী তা যতদিন থাকার থাকবে, পরে তাকেও উঠিয়ে নেবেন। অতঃপর চেপে বসবে ‘মুলকান জাব্বারিইয়্যাহ’ তথা একনায়কত্ব, অপ্রতিরোধ্য রাজতন্ত্র। আল্লাহর ইচ্ছায় তা যতদিন থাকার থাকবে, পরে তাকেও তুলে নেবেন। তারপর প্রতিষ্ঠিত হবে পুনরায় ‘নবুওয়্যাতের তরিকায় খিলাফাহ’ অর্থাৎ খিলাফাতিন ’আলা মিনহাজিন নুবুওয়্যাহ। এ পর্যন্ত বলার পর রসূল ﷺ নীরব হলেন।’’ (মুসনাদে আহমাদ, হা: নং: ১৮৪৩০; সিলসিলাতুস সহীহাহ, হা: নং: ৫; মুসনাদে বাযযার, হা: নং: ২৭৯৬; আসসুনানুল কুবরা লিল বায়হাকী, হা: নং: ৩৭২; মিশকাতুল মাসাবিহ, হা: নং: ৫৩৭৮, মান- সহিহ)

উদ্দেশ্য:

আমাদের উদ্দেশ্য- আমাদের সমস্ত ইবাদাত, ত্যাগ এবং যাবতীয় ভালো কর্ম এবং খিলাফাতিন আ’লা মিনহাজিন নুবুওয়্যাহ প্রতিষ্ঠার জন্য সকল প্রচেষ্টা কেবলমাত্র মহান আল্লাহ তা’য়ালার সন্তুষ্টির জন্য।

মহান আল্লাহ তা’য়ালা বলেন-

لَا خَيْرَ فِيْ كَثِيْرٍ مِّنْ نَّجْوٰىهُمْ اِلَّا مَنْ اَمَرَ بِصَدَقَةٍ اَوْ مَعْرُوْفٍ اَوْ اِصْلَاحٍۢ بَيْنَ النَّاسِ ؕ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ فَسَوْفَ نُؤْتِيْهِ اَجْرًا عَظِيْمًا ﴿۱۱۴﴾

তাদের গোপন পরামর্শের অধিকাংশে কোন কল্যাণ নেই। তবে কল্যাণ আছে যে নির্দেশ দেয় সাদকা কিংবা ভালো কাজ অথবা মানুষের মধ্যে মীমাংসার। আর যে তা আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে করবে; তবে অচিরেই আমি তাকে মহা পুরস্কার দান করবো। (সূরহ নিসা, আ: ১১৪)

অন্য এক আয়াতে মহান আল্লাহ তা'য়ালা তাঁর রসূল ﷺ কে উদ্দেশ্যের শিক্ষা দিয়ে বলেন-

قُلْ اِنَّ صَلَاتِيْ وَنُسُكِيْ وَمَحْيَايَ وَمَمَاتِيْ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿۱۶۲﴾

(হে নবী!) বল! নিশ্চয়ই আমার ছলাত, আমার কুরবানী, আমার জীবন ও আমার মৃত্যু আল্লাহর জন্য। জিনি সকল কিছুর রব।" (সূরহ আনআম, আ: ১৬২)

অতএব আমাদের চাওয়ার বস্তু হলো দুটি। যথা-

[১] ইহকালীন চাওয়া।
[২] পরকালীন চাওয়া।

সংক্ষিপ্তভাবে যদি চাওয়ার কথা বলি। তাহলে,

(১) ইহকালীন চাওয়া হলো-

"আল্লাহর জমিনে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠার মাধ্যমে মুসলিম উম্মাহকে 'খিলাফাতের ভূমি' উপহার দেওয়া।"

(২) পরকালীন চাওয়া হলো-

"মহান আল্লাহ তা'য়ালার সন্তুষ্টি অর্জন করে পরকালীন জীবনে মহান আল্লাহ তা'য়ালার নিয়ামতপূর্ণ জান্নাত লাভ করা।"

সুতরাং 'আমরা কি চাই' তা স্পষ্ট। আমরা চাই ইহকালীন জীবনে খিলাফাতের ভূমি। পরকালীন জীবনে আল্লাহর নিয়ামত পূর্ণ জান্নাত।

'কেন চাই' সেটাও স্পষ্ট। তা হলো মহান আল্লাহ তা'য়ালার সন্তুষ্টি অর্জন। আল্লাহ তা'য়ালা বলেন-

قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ﴿١٦٢﴾

"বলো! নিশ্চয়ই আমার ছলাত, আমার কুরবানী, আমার জীবন ও আমার মৃত্যু আল্লাহর জন্যই, যিনি সকল কিছুর রব।" (সূরহ আনআম, আ: ১৬২)

আমাদের কর্মপদ্ধতি

এবার আলোচনার ২য় ভাগে কর্মপদ্ধতি অর্থাৎ কিভাবে চাই: সম্মানিত পাঠক! যেহেতু আমরা চাই দুনিয়ার জীবনে খিলাফাতের ভূমি এবং পরকালীন জীবনে জান্নাত। আর তা শুধুমাত্র মহান আল্লাহ তা'য়ালার সন্তুষ্টি লাভের জন্যই চাই। সেহেতু আমাদের 'কর্মপদ্ধতি বা পাওয়ার জন্য চাওয়া' বাস্তবায়নের পদ্ধতিটা হতে হবে অবশ্যই আল্লাহ প্রদত্ত এবং রসূল ﷺ এর প্রদর্শিত কর্মপদ্ধতি।

যদি আল্লাহর রসূল ﷺ এর দেখানো কর্মপদ্ধতি অনুযায়ী খিলাফাতের ভূমি তৈরি ও জান্নাত লাভের প্রচেষ্টা না করা হয়। তবে হয়তো রাষ্ট্র সরকার হওয়া সম্ভব; কিন্তু খিলাফাতের ভূমি পাওয়া সম্ভব নয়। হয়তো দুনিয়ার ভোগ-বিলাস পাওয়া সম্ভব; কিন্তু জান্নাত লাভ করা সম্ভব নয়। কেননা রসূল ﷺ এর দেখানো পথ বা কর্মপদ্ধতি ব্যতীত মহান আল্লাহ তা'য়ালার সন্তুষ্টি অর্জন করা সম্ভব নয়।

সুতরাং আল্লাহর রসূল ﷺ ইসলাম প্রতিষ্ঠার জন্য, ইসলামের ভূমি তৈরির জন্য যেই কর্মপদ্ধতিগুলো বাস্তবায়ন করেছেন, যেই পথ প্রদর্শন করেছেন। সেই পথ দিয়েই আমাদেরকে সামনে অগ্রসর হতে হবে। অন্যকোন পথ বা কর্মপদ্ধতি দিয়ে নয়। যেমন-

حَدَّثَنَا أَبُو سَعِيدٍ عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا أَبُو خَالِدٍ الأَحْمَرُ، قَالَ سَمِعْتُ مُجَالِدًا، يَذْكُرُ عَنِ الشَّعْبِيِّ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ كُنَّا عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم ـ صلى الله عليه وسلم ـ فَخَطَّ خَطًّا وَخَطَّ خَطَّيْنِ عَنْ يَمِينِهِ وَخَطَّ خَطَّيْنِ عَنْ يَسَارِهِ ثُمَّ وَضَعَ يَدَهُ فِي الْخَطِّ الأَوْسَطِ فَقَالَ " هَذَا سَبِيلُ اللَّهِ " . ثُمَّ تَلاَ هَذِهِ الآيَةَ (وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيمًا فَاتَّبِعُوهُ وَلاَ تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِيلِهِ

হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা:) বলেন- ‘‘আল্লাহর রসূল ﷺ আমাদের সামনে মাটিতে একটি রেখা টানলেন। সে রেখার উপর হাত রেখে বললেন, এটি আল্লাহর পথ। অতঃপর সে রেখার ডানে ও বামে আরো অনেকগুলো রেখা অংকন করে বললেন, এসবগুলোই। তবে এসব পথের মাথায় একটি করে শয়তান দাঁড়িয়ে আছে। সে সর্বদা মানুষকে ঐ পথের দিকে আহবান করছে। এ কথা বলার পর আল্লাহর রসূল ﷺ কুরআনের এই আয়াতটি পাঠ করলেন- এটিই আমার সঠিক পথ। সুতরাং তোমরা এই সঠিক পথের অনুসরণ কর। অন্যান্য পথের অনুসরণ করোনা। তা নাহলে, সে সব পথ তোমাদেরকে আল্লাহর সঠিক পথ হতে বিপদগামী করে দিবে।’’ (সূরহ আনআম, আ: ১৫৩; সুনানে ইবনে মাজাহ, রসূলের সুন্নাতের অনুসরণ অধ্যায়, হা: নং: ১১; মুসনাদে আহমাদ, হা: নং: ১৪৮৫৩, মান-সহিহ)

অন্য এক হাদিসে বর্ণিত-

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ الْحَفَرِيُّ، عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ زِيَادِ بْنِ أَنْعُمَ الإِفْرِيقِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يَزِيدَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "لَيَأْتِيَنَّ عَلَى أُمَّتِي مَا أَتَى عَلَى بَنِي إِسْرَائِيلَ حَذْوَ النَّعْلِ بِالنَّعْلِ حَتَّى إِنْ كَانَ مِنْهُمْ مَنْ أَتَى أُمَّهُ عَلاَنِيَةً لَكَانَ فِي أُمَّتِي مَنْ يَصْنَعُ ذَلِكَ وَإِنَّ بَنِي إِسْرَائِيلَ تَفَرَّقَتْ عَلَى ثِنْتَيْنِ وَسَبْعِينَ مِلَّةً وَتَفْتَرِقُ أُمَّتِي عَلَى ثَلاَثٍ وَسَبْعِينَ مِلَّةً كُلُّهُمْ فِي النَّارِ إِلاَّ مِلَّةً وَاحِدَةً قَالُوا وَمَنْ هِيَ يَا رَسُولَ اللَّهِ قَالَ مَا أَنَا عَلَيْهِ وَأَصْحَابِي" .

হযরত আব্দুল্লাহ ইবনে আমর (রা:) বলেন, ‘‘আল্লাহর রসূল ﷺ বলেছেন- বনু ইসরাইলের যে অবস্থা এসেছিলো, আমার উম্মতরাও ঠিক তাদের অবস্থায় পতিত হবে। এমনকি তাদের কেউ যদি প্রকাশ্যে তার মায়ের সাথে ব্যাভিচারে লিপ্ত হয়ে থাকে, তবে আমার উম্মতেরও কেউ তাতে লিপ্ত হবে। বনু ইসরাইলরা তো বাহাত্তর দলে বিভক্ত হয়েছে। আর আমার উম্মতরা বিভক্ত হবে তিয়াত্তর দলে। এদের একটি দল ছাড়া সব দলই হবে জাহান্নামী। সাহাবীগণ (রা:) জিজ্ঞেস করলেন- হে আল্লাহর রসূল ﷺ! এটা কোন দল? তিনি বললেন- আমি এবং আমার সাহাবীরা যে পথের উপর প্রতিষ্ঠিত আছি (সেই পথ)’’। (সুনানে তিরমিজি, ই.ফা. ২৬৪২; মুস্তাদরাকে হাকেম, হা: নং: ৪৪৪; মান- হাসান)

অর্থাৎ, অত্র হাদিস দুটি থেকে স্পষ্টই বোঝা যাচ্ছে যে, সরল পথের পথচারীর সংখ্যা হবে খুবই কম। আর বিপদগামী বা বক্রপথের পথচারীদের সংখ্যা হবে অনেক। কেন না সরল পথটিই হলো জান্নাতের পথ। যে পথে পরিচালিত হতে অনেক কষ্ট ও বাঁধা রয়েছে। আর বিপথগামী বা বক্রপথটিই হলো জাহান্নামের পথ। যে পথে পরিচালিত হওয়ার জন্য রয়েছে শয়তান প্ররোচিত লোভ-লালসা, কামনা-বাসনা, দুনিয়ার মোহ ইত্যাদি।

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لَمَّا خَلَقَ اللَّهُ الْجَنَّةَ قَالَ لِجِبْرِيلَ: اذْهَبْ فَانْظُرْ إِلَيْهَا، فَذَهَبَ فَنَظَرَ إِلَيْهَا، ثُمَّ جَاءَ، فَقَالَ: أَيْ رَبِّ وَعِزَّتِكَ لَا يَسْمَعُ بِهَا أَحَدٌ إِلَّا دَخَلَهَا، ثُمَّ حَفَّهَا بِالْمَكَارِهِ، ثُمَّ قَالَ: يَا جِبْرِيلُ اذْهَبْ فَانْظُرْ إِلَيْهَا، فَذَهَبَ فَنَظَرَ إِلَيْهَا، ثُمَّ جَاءَ فَقَالَ: أَيْ رَبِّ وَعِزَّتِكَ لَقَدْ خَشِيتُ أَنْ لَا يَدْخُلَهَا أَحَدٌ قَالَ: فَلَمَّا خَلَقَ اللَّهُ النَّارَ قَالَ: يَا جِبْرِيلُ اذْهَبْ فَانْظُرْ إِلَيْهَا، فَذَهَبَ فَنَظَرَ إِلَيْهَا، ثُمَّ جَاءَ فَقَالَ: أَيْ رَبِّ وَعِزَّتِكَ لَا يَسْمَعُ بِهَا أَحَدٌ فَيَدْخُلُهَا، فَحَفَّهَا بِالشَّهَوَاتِ ثُمَّ قَالَ: يَا جِبْرِيلُ اذْهَبْ فَانْظُرْ إِلَيْهَا، فَذَهَبَ فَنَظَرَ إِلَيْهَا، ثُمَّ جَاءَ فَقَالَ: أَيْ رَبِّ وَعِزَّتِكَ لَقَدْ خَشِيتُ أَنْ لَا يَبْقَى أَحَدٌ إِلَّا دَخَلَهَا

হযরত আবু হুরাইরা (রা:) বলেন, আল্লাহর রসূল ﷺ বলেছেন- "মহান আল্লাহ জান্নাত তৈরি করে জিবরীল (আ:) কে আদেশ দিলেন, তুমি গিয়ে তা দেখে আসো। অতএব তিনি সেখানে গিয়ে তা দেখে এসে বললেন- হে রব! আপনার ইজ্জতের কসম! এটি সম্পর্কে যেই শুনবে, সে তাতে প্রবেশ না করে ছাড়বে না। অতঃপর তিনি জান্নাতকে কষ্টসাধ্য বিষয়সমূহ দ্বারা বেষ্টিত করে পুনরায় বললেন, হে জিবরীল! এবার আবার গিয়ে তা দেখে আসো। অতএব আবার গিয়ে দেখে এসে বললেন- হে রব! আপনার মর্যাদার কসম! আমার অত্যন্ত ভয় হচ্ছে যে, কেউই তাতে প্রবেশ করতে পারবে না। আল্লাহর রসূল ﷺ বললেন- অতঃপর মহান আল্লাহ তা'য়ালা জাহান্নাম তৈরি করে বললেন- হে জিবরীল! তুমি গিয়ে তা দেখে এসো। অতঃপর তিনি তা দেখে এসে বললেন- হে আমার রব! কেউই তাতে প্রবেশ করতে চাইবে না। অতঃপর আল্লাহ একে দুনিয়ার চাকচিক্য দিয়ে বেষ্টিত করে পুনরায় জিবরীল (আ:) কে বললেন- যাও তা দেখে এসো। তিনি

সেখানে গিয়ে তা দেখে এসে বললেন- হে রব! আপনার মর্যাদার কসম! আমার ভয় হচ্ছে যে, কেউই অবশিষ্ট থাকবে না। সকলেই তাতে প্রবেশ করবে।" (সুনানে আবু দাউদ, হা: নং: ৪৭৪৪, মান-হাসান)

সরল পথে শয়তানের ফাঁদ

সম্মানিত পাঠক! সরল পথে শয়তানের ফাঁদ সম্পর্কে স্পষ্ট ভাবে জানার ও বোঝার জন্য কুরআন মাজিদ হতে ছোট্ট একটি ঘটনা উল্লেখ করবো, ইংশাআল্লাহ। যা মহান আল্লাহ তা'য়ালা বান্দার জন্য শিক্ষণীয় হিসেবে কুরআন মাজিদে উল্লেখ করেছেন।

মহান আল্লাহ তা'য়ালা বলেন-

وَلَقَدْ خَلَقْنٰكُمْ ثُمَّ صَوَّرْنٰكُمْ ثُمَّ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ ۖ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ لَمْ يَكُنْ مِّنَ السّٰجِدِيْنَ ﴿١١﴾

আর অবশ্যই আমি তোমাদেরকে সৃষ্টি করেছি। তারপর তোমাদের আকৃতি দিয়েছি। তারপর ফেরেস্তাদেরকে বলেছি- তোমরা আমাকে সিজদা কর। অতঃপর তারা সিজদা করেছে, ইবলীস ছাড়া। সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত ছিলো না। (সূরহ আরাফ, আ: ১১)

১১ নং আয়াতের ব্যাখ্যায় ইমাম ইবনে কাসির (রহি:) বলেন- "আল্লাহ তা'য়ালা যখন নিজ হাতে ঠনঠনে মাটি দ্বারা আদম (আ:) কে সৃষ্টি করলেন, তাকে একটা পূর্ণ মানবদেহের আকার দিলেন এবং তার মধ্যে রূহ সঞ্চার করলেন। তখন তিনি তার প্রতি সম্মান প্রদর্শনের জন্যে আদমের সামনে সাজদা করতে ফেরেস্তাদের নির্দেশ দিলেন। ইবলিস ব্যতীত তারা সকলেই এ নির্দেশ শুনলো ও পালন করলো। সে সিজদাকারীদের অন্তর্ভুক্ত হলো না।" (তাফসিরে ইবনে কাসির, সূরহ আরাফ এর ১১ নং আয়াতের আলোচনা)

অতঃপর মহান আল্লাহ তা'য়ালা যখন দেখলেন যে, ইবলীস ব্যতীত সকলেই আদম (আ:) কে সিজদা করেছে, কিন্তু ইবলীস সিজদা করে নি। তখন তিনি বললেন-

قَالَ مَا مَنَعَكَ اَلَّا تَسْجُدَ اِذْ اَمَرْتُكَ قَالَ اَنَا خَيْرٌ مِّنْهُ خَلَقْتَنِيْ مِنْ نَّارٍ وَّ خَلَقْتَهٗ مِنْ طِيْنٍ ﴿١٢﴾

"কিসে তোমাকে বাঁধা দিয়েছে যে, সিজদা করছো না; যখন আমি তোমাকে আদেশ দিয়েছি? সে বলল (অর্থাৎ শয়তান)- আমি তার চেয়ে উত্তম। আপনি আমাকে আগুন থেকে সৃষ্টি করেছেন, আর তাকে সৃষ্টি করেছেন মাটি থেকে।" (সূরহ আরাফ, আ: ১২)

১২ নং আয়াতের ব্যাখ্যায় ইমাম ইবনে কাসির (রহি:) বলেন- "اَنَا خَيْرٌ مِّنْهُ অর্থ আমি তার থেকে শ্রেষ্ঠ। অভিশপ্ত শয়তানের এই উত্তর তার সিজদা না করার অপরাধের চেয়ে গুরুতর জঘন্য উত্তর।" মহান আল্লাহ তা'য়ালাকে শয়তান বোঝাতে চাচ্ছে- 'আমি যেহেতু আদম থেকে সম্মানে শ্রেষ্ঠ, তাই আমি কেন আদমকে সিজদা করতে যাবো?' এই অচল যুক্তি দেখিয়ে শয়তান মহান আল্লাহ তা'য়ালার আনুগত্য থেকে বিরত থাকলো। অভিশপ্ত শয়তানের যুক্তি ছিলো, সম্মানিত ব্যক্তিকে তার চেয়ে কম সম্মানিত লোককে সিজদা করার আদেশ দেয়া যায় না। ইবলীস বলছে- 'আমি আদম থেকে উত্তম। তাহলে কিরূপে আপনি আদমকে সিজদা করার জন্য আমাকে আদেশ দিলেন?' (নাউজুবিল্লাহ)

ইবলীস মহান আল্লাহ তা'য়ালার সামনে তার অচল যুক্তি উপস্থাপন করে শুধু প্রশ্নই ছুঁড়ে দেয়নি বরং আদমের উপর তার শ্রেষ্ঠত্বের কারণও উল্লেখ করেছে, যা তার নিকৃষ্ট ব্যবহার। শয়তান মহান আল্লাহ তা'য়ালাকে বলছে- 'আমাকে আগুন দ্বারা সৃষ্টি করা হয়েছে। আর আদমকে মাটি দ্বারা সৃষ্টি করা হয়েছে। আর মাটির চেয়ে আগুন উত্তম।'

অর্থাৎ, অভিশপ্ত ইবলীস সৃষ্টির মৌল উপাদানের প্রতি দৃষ্টি দিলো, কিন্তু সে হযরত আদম (আ:) এর বিশাল সম্মানের দিকে দেখলো না। আদমকে মহান আল্লাহ তা'য়ালা নিজ হাতে তৈরি করেছেন এবং তার মাঝে রূহ সঞ্চার করে তাকে কত সম্মানিত ও মর্যাদাবান করেছেন। তারপরেও শয়তান মহান আল্লাহ তা'য়ালার সুস্পষ্ট আয়াত- "ফাকোয়ু লাহু সা-জিদীন অর্থ তোমরা সবাই তার জন্য সিজদায় লুটিয়ে পড়বে", এর বিরুদ্ধে অচল যুক্তি দাঁড় করালো। ফলে সে আল্লাহর রহমত থেকে নিরাশ ও ফেরেস্তাদের সঙ্গ থেকে বহিস্কৃত হলো। আর ইবলীস শব্দের অর্থ হলো নিরাশ।

ইমাম ইবনে কাসির (রহি:) আরো বলেন- ‘‘অভিশপ্ত শয়তানের পেশকৃত যুক্তিটি বাস্তবতার বিবেচনায়ও অচল। কারণ মাটির ধৈর্য্য, স্থিরতা, দৃঢ়তা ইত্যাদি গুণ রয়েছে। এছাড়াও এর মধ্যে রয়েছে উৎপাদন, পরিবর্ধন ও সংশোধনের গুণ। পক্ষান্তরে আগুনের মধ্যে প্রজ্বলন, ধ্বংস, ক্রোধ ও অস্থিরতার দোষ রয়েছে। তাই দেখা গেছে ইবলীসের উপাদান আগুন ও তার বৈশিষ্ট্য সমূহ তাকে প্রতারিত করেছে, মহান আল্লাহ তা’য়ালার অবাধ্য করেছে এবং গজবে তাকে পতিত করেছে। অপরপক্ষে আদমের মূল উপাদান মাটি ও তার বৈশিষ্ট্য সমূহ তাকে উপকৃত করেছে।

তিনি আল্লাহর কাছে প্রত্যাবর্তনকারী, বিনয়ী, ত্রুটি স্বীকারকারী, ক্ষমা প্রার্থনাকারী ও আত্মসমর্পণকারী হয়েছেন। ইবনে সীরীন (রহি:) বলেন- ‘সর্বপ্রথম ইবলীস যুক্তি দাঁড় করেছে এবং এরূপ যুক্তির মাধ্যমেই চন্দ্র-সূর্যের পূজা চালু হয়েছে।’

অভিশপ্ত শয়তান নিজের অপরাধ স্বীকার না করে আরো নিজের শ্রেষ্ঠত্বের দাবি করেছে এবং অহংকারবশত মহান আল্লাহ তা’য়ালার সামনে প্রশ্ন ছুড়ে দিয়েছে। সে বলেছে- আমি আদম থেকে শ্রেষ্ঠ, তাহলে আপনি কিরূপে আদমকে সিজদা করার জন্য আমাকে আদেশ দিলেন?

এবং শয়তান তার শ্রেষ্ঠত্বের দাবীর স্বপক্ষে অচল যুক্তি মহান আল্লাহ তা’য়ালার সামনে উপস্থাপন করেছে, বলেছে- আমি আগুনের তৈরি আর আদম মাটির তৈরি।

অভিশপ্ত শয়তানের এই নিকৃষ্ট ব্যবহারের কারণে মহান আল্লাহ তা’য়ালা বলেন-

قَالَ فَاهْبِطْ مِنْهَا فَمَا يَكُوْنُ لَكَ اَنْ تَتَكَبَّرَ فِيْهَا فَاخْرُجْ اِنَّكَ مِنَ الصّٰغِرِيْنَ ﴿١٣﴾ قَالَ اَنْظِرْنِيْٓ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ﴿١٤﴾ قَالَ اِنَّكَ مِنَ الْمُنْظَرِيْنَ ﴿١٥﴾

‘‘সুতরাং তুমি এখান থেকে নেমে যাও। তোমার এ অধিকার নেই যে, এখানে তুমি অহংকার করবে। সুতরাং তুমি বের হও। নিশ্চয়ই তুমি লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত। সে বলল- সেদিন পর্যন্ত আমাকে অবকাশ দিন,

যেইদিন তাদেরকে পুনরায় জীবিত করা হবে। আল্লাহ বললেন- নিশ্চয়ই তুমি অবকাশ প্রাপ্তদের অন্তর্ভুক্ত।'' (সূরহ আরাফ, আ: ১৩-১৫)

ইমাম ইবনে কাসির (রহি:) বলেন- ইবলিশের কর্ম তার জন্য তার আশার বিপরীত ফল বয়ে আনলো। অভিশপ্ত হওয়ার পর ইবলীস প্রতিশোধ স্পৃহা চরিতার্থ করার কথা চিন্তা করলো এবং আল্লাহ তা'য়ালার কাছে প্রতিদান দিবস পর্যন্ত সময় প্রার্থনা করে বলল- 'اَنْظِرْنِيْٓ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ' অর্থ আমাকে পুনরুজ্জীবিত দিবস পর্যন্ত অবকাশ বা সুযোগ দিন। মহান আল্লাহ তা'য়ালা তার প্রার্থনার জবাবে বললেন- 'اِنَّكَ مِنَ الْمُنْظَرِيْنَ' অর্থ অবশ্যই তুমি অবকাশ বা সুযোগ লাভকারীদের অন্তর্ভুক্ত।

অতঃপর ইবলীস যখন খুব আশ্বস্ত হলো তার অবকাশের ব্যাপারে যে তাকে অবকাশের সুযোগ দেওয়া হয়েছে। এরপর সে অহংকার ও বিরোধিতার স্বভাবে জাগ্রত হয়ে গেল। অতঃপর শয়তান বলল-

قَالَ فَبِمَآ اَغْوَيْتَنِيْ لَاَقْعُدَنَّ لَهُمْ صِرَاطَكَ الْمُسْتَقِيْمَ ﴿١٦﴾ ثُمَّ لَاٰتِيَنَّهُمْ مِّنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ وَمِنْ خَلْفِهِمْ وَعَنْ اَيْمَانِهِمْ وَعَنْ شَمَآئِلِهِمْ ۭ وَلَا تَجِدُ اَكْثَرَهُمْ شٰكِرِيْنَ ﴿١٧﴾

''আপনি আমাকে পথভ্রষ্ট করেছেন, সে কারণে অবশ্যই আমি তাদের জন্য আপনার 'সরল পথে' বসে থাকবো। তারপর পথভ্রষ্ট করার জন্য আমি অবশ্যই তাদের নিকট আসবো তাদের সামনে থেকে ও তাদের পিছন থেকে এবং তাদের ডান দিক থেকে। আর আপনি তাদের অধিকাংশকে কৃতজ্ঞ পাবেন না।'' (সূরহ আরাফ, আ:১৬-১৭)

১৬ নং আয়াতের ব্যাখ্যায় ইমাম ইবনে কাসির (রহি:) একটি হাদিস উল্লেখ করেন-

أَخْبَرَنِي إِبْرَاهِيمُ بْنُ يَعْقُوبَ قَالَ حَدَّثَنَا أَبُو النَّضْرِ هَاشِمُ بْنُ الْقَاسِمِ قَالَ حَدَّثَنَا أَبُو عَقِيلٍ عَبْدُ اللَّهِ بْنُ عَقِيلٍ قَالَ حَدَّثَنَا مُوسَى بْنُ الْمُسَيَّبِ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ سَبْرَةَ بْنِ أَبِي فَاكِهٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّ الشَّيْطَانَ قَعَدَ لِابْنِ آدَمَ بِأَطْرُقِهِ فَقَعَدَ لَهُ بِطَرِيقِ الْإِسْلَامِ فَقَالَ تُسْلِمُ وَتَذَرُ دِينَكَ وَدِينَ آبَائِكَ وَآبَاءِ أَبِيكَ فَعَصَاهُ فَأَسْلَمَ ثُمَّ

قَعَدَ لَهُ بِطَرِيقِ الْهِجْرَةِ فَقَالَ تُهَاجِرُ وَتَدَعُ أَرْضَكَ وَسَمَاءَكَ وَإِنَّمَا مَثَلُ الْمُهَاجِرِ كَمَثَلِ الْفَرَسِ فِي الطِّوَلِ فَعَصَاهُ فَهَاجَرَ ثُمَّ قَعَدَ لَهُ بِطَرِيقِ الْجِهَادِ فَقَالَ تُجَاهِدُ فَهُوَ جَهْدُ النَّفْسِ وَالْمَالِ فَتُقَاتِلُ فَتُقْتَلُ فَتُنْكَحُ الْمَرْأَةُ وَيُقْسَمُ الْمَالُ فَعَصَاهُ فَجَاهَدَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَنْ فَعَلَ ذَلِكَ كَانَ حَقًّا عَلَى اللَّهِ عَزَّ وَجَلَّ أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ وَمَنْ قُتِلَ كَانَ حَقًّا عَلَى اللَّهِ عَزَّ وَجَلَّ أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ وَإِنْ غَرِقَ كَانَ حَقًّا عَلَى اللَّهِ أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ أَوْ وَقَصَتْهُ دَابَّتُهُ كَانَ حَقًّا عَلَى اللَّهِ أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ

হযরত সাবরহ ইবনে আবু ফাকিহ (রা:) বলেন- আমি আল্লাহর রসূল ﷺ কে বলতে শুনেছি- শয়তান আদম সন্তানের পথসমূহে বসে থাকে। সে ইসলামের পথে বাঁধা সৃষ্টি করতে গিয়ে বলে- তুমি ইসলাম গ্রহণ করবে? আর তোমার দ্বীন ও তোমার বাপ দাদার দ্বীন এবং তোমার পিতার পূর্বপুরুষের দ্বীন পরিত্যাগ করবে? কিন্তু আদম সন্তান তার কথা অমান্য করে ইসলাম গ্রহণ করে। তারপর শয়তান তার হিজরতের পথে বসে বলে- তুমি হিজরত করবে? তোমার ভূমি ও আকাশ পরিত্যাগ করবে? মুহাজির তো একটি রশিতে আবদ্ধ ঘোড়ার ন্যায়। কিন্তু সেই ব্যক্তি শয়তানের কথা অমান্য করে হিজরত করে। এরপর শয়তান তার জিহাদের পথে বসে এবং বলে- তুমি কি জিহাদ করবে? এতো নিজেকে এবং নিজের ধন-সম্পদকে ধ্বংস করা। তুমি যুদ্ধ করে নিহত হবে, তোমার স্ত্রী অন্যের সাথে বিবাহে যাবে, তোমার সম্পদ ভাগ হবে। সে ব্যক্তি শয়তানের কথা অমান্য করে জিহাদে যায়। আল্লাহর রসূল ﷺ বলেন- যে এরূপ করবে, তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহর ওয়াদা অনুযায়ী তার জন্য অবধারিত। আর যে ব্যক্তি শহীদ হয়, তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহর উপর অবধারিত হয়। যদি সে ডুবে মারা যায়, তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহর উপর অবধারিত হয়। আর যদি তার বাহন তাকে ফেলে দিয়ে তার গর্দান ভেঙ্গে দেয় বা মেরে ফেলে, তখনও তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহর উপর অবধারিত হয়। (তাফসিরে ইবনে কাসির, সূরহ আরাফ, ১৬ নং আয়াতের আলেচনা; সুনানে নাসাঈ, হা: নং: ৩১৩৮; ছহিহুল জামে, হা: নং: ১৪৬৫, মান- সহিহ)

১৭ নং আয়াতের ব্যাখ্যায় ইমাম ইবনে কাসির (রহি:) উল্লেখ করেন- হযরত আলী ইবনে আবু তালহা (রহি:) বলেন, ইবনে আব্বাস (রা:) বলেছেন- (শয়তান বলে) 'ثُمَّ لَاٰتِيَنَّهُمْ مِّنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ', অর্থ আখিরাত সম্পর্কে তাদের অন্তরে সন্দেহ সৃষ্টি করবো; 'وَمِنْ خَلْفِهِمْ' অর্থ তাদের পিছন দিক থেকে তাদের উপর আক্রমণ চালাবো, অর্থাৎ পার্থিব বিষয়ে তাদের মনে লোভ বা আকর্ষণ সৃষ্টি করবো; 'وَعَنْ اَيْمَانِهِمْ' অর্থ তাদের ডান দিক থেকে তাদের উপর আক্রমণ চালাবো অর্থাৎ দ্বীনী বিষয়ে তাদের মনে সন্দেহ জাগিয়ে তুলবো; 'وَعَنْ شَمَآئِلِهِمْ' অর্থ তাদের বাম দিক থেকে তাদের উপর আক্রমণ চালাবো, অর্থাৎ গুনাহের কাজকে তাদের কাছে সুশোভিত করে দেখাবো।

হযরত কাতাদা (রা:) বলেছেন- 'مِّنْۢ بَيْنِ اَيْدِيْهِمْ', ইবলিস তাদের সম্মুখ দিক থেকে তাদের উপর হামলা চালায়। অর্থাৎ তাকে বলে- পুনরুত্থান, জান্নাত, জাহান্নাম ইত্যাদি বলে কিছু নেই। 'وَمِنْ خَلْفِهِمْ', তাদের পিছন দিক থেকে তাদের উপর হামলা চালায়, অর্থাৎ পার্থিব বিষয়কে তাদের সামনে সুশোভিত করে তুলে ধরে তাদের সেদিকে প্রলুব্ধ করতে চেষ্টা করে। 'وَعَنْ اَيْمَانِهِمْ', তাদের ডান দিক থেকে তাদের উপর হামলা চালায়, অর্থাৎ সৎকর্মসমূহ থেকে তাদের বিরত রাখতে চেষ্টা করে। 'وَعَنْ شَمَآئِلِهِمْ', তাদের বাম দিক থেকে তাদের উপর হামলা চালায়, অর্থাৎ গুনাহের কাজসমূহকে তাদের কাছে আকর্ষণীয় করে দেখায়, সেগুলো কার্যকর করতে তাদেরকে আহবান করে, নির্দেশ দেয়।

হে আদম সন্তান! ইবলীস তোমাকে সব দিক থেকে আক্রমণ করতে সামর্থ্য হলেও তেমার উর্ধ্ব দিক থেকে তোমার কাছে আসতে পারবে না। ওই দিক থেকে তোমাদের উপর আল্লাহ তা'য়ালার রহমত নাযিল হয়; ইবলীস আল্লাহর রহমত ও তাঁর বান্দার মধ্যে এসে অন্তরায় হওয়ার সুযোগ পায় না।

হযরত হাকাম ইবনে আবান (রহি:) বলেন- "ইবনে আব্বাস (রা:) এ আয়াতের ব্যাখ্যায় বলেছেন- ইবলীস তাদের সম্মুখ দিক থেকে, তাদের

পিছন দিক থেকে, তাদের ডান দিক থেকে এবং তাদের বাম দিক থেকে আক্রমণ করবে বলা হয়েছে; কিন্তু সে উর্ধ্ব দিক থেকে তাদের কাছে আসবে বলা হয় নি। কারণ উর্ধ্বদিক থেকে বান্দার প্রতি রহমতই নাযিল হয়ে থাকে।"(তাফসিরে ইবনে কাসির, সূরহ আরাফ, ১৭নং আয়াতের আলোচনা)

ইমাম ইবনে কাসির (রহি:) উল্লেখ করেছেন- হযরত আলী ইবনে আবু তালহা (রহি:) বলেন, ইবনে আব্বাস (রা:) বলেছেন- 'وَلَا تَجِدُ اَكْثَرَهُمْ شٰكِرِيْنَ' আর তুমি তাদের অধিকাংশকেই অকৃতজ্ঞ অর্থাৎ তাওহীদপন্থী পাবে না। অতএব, তাওহীদ পন্থীরা মহান আল্লাহ তা'য়ালার প্রকৃত কৃতজ্ঞতা স্বীকারকারী। যাদের সংখ্যা অকৃতজ্ঞের তুলনায় অনেক কম।

অতঃপর অভিশপ্ত ইবলীস যখনই আল্লাহর নাফরমানি করলো এবং আদম সন্তানকে পথভ্রষ্ট করার ব্যাপারে দৃঢ় প্রতিজ্ঞা করলো। তখন আল্লাহ তা'য়ালা বলেন-

قَالَ اخْرُجْ مِنْهَا مَذْءُوْمًا مَّدْحُوْرًا ؕ لَمَنْ تَبِعَكَ مِنْهُمْ لَاَمْلَـَٔنَّ جَهَنَّمَ مِنْكُمْ اَجْمَعِيْنَ ﴿۱۸﴾

তুই এখান থেকে অপমানিত ও লাঞ্ছিত অবস্থায় বের হয়ে যা, তাদের (বানী আদমের) মধ্যে যারা তোর অনুসরণ করবে, নিশ্চয়ই আমি তোদের সকলের দ্বারা জাহান্নাম পূর্ণ করব। (সূরহ আরাফ, আ: ১৮)

১৮ নং আয়াতের ব্যাখ্যায় ইমাম ইবনে কাসির (রহি:) অত্র তিনটি আয়াত তুলে ধরেন, যেখানে মহান আল্লাহ বলেন-

قَالَ اذْهَبْ فَمَنْ تَبِعَكَ مِنْهُمْ فَاِنَّ جَهَنَّمَ جَزَآؤُكُمْ جَزَآءً مَّوْفُوْرًا ﴿۶۳﴾ وَ اسْتَفْزِزْ مَنِ اسْتَطَعْتَ مِنْهُمْ بِصَوْتِكَ وَ اَجْلِبْ عَلَيْهِمْ بِخَيْلِكَ وَ رَجِلِكَ وَ شَارِكْهُمْ فِى الْاَمْوَالِ وَ الْاَوْلَادِ وَ عِدْهُمْ ؕ وَ مَا يَعِدُهُمُ الشَّيْطٰنُ اِلَّا غُرُوْرًا ﴿۶۴﴾ اِنَّ عِبَادِىْ لَيْسَ لَكَ عَلَيْهِمْ سُلْطٰنٌ ؕ وَ كَفٰى بِرَبِّكَ وَكِيْلًا ﴿۶۵﴾

যাও (দূর হয়ে যাও এখান থেকে, তাদের মধ্যে), যারা তোমার অনুসরণ করবে, তোমাদের সবার শাস্তি হচ্ছে জাহান্নাম, আর (জাহান্নামের) শাস্তিও পুরোপুরি দেয়া হবে। এদের মধ্যে যাকেই পারো তুমি তোমার আওয়ায দিয়ে গোমরাহ করে যাও। তোমার যাবতীয় অশ্বারোহী ও পদাতিক বাহিনী

নিয়ে তাদের উপর ঝাঁপিয়ে পড়ো, তাদের ধন-সম্পদ ও সন্তান সন্তানাদিতে তুমি অংশীদার হয়ে যাও এবং (যতো পারো) তাদের মিথ্যা প্রতিশ্রুতি দিতে থাকো। আর শয়তান তাদের যে প্রতিশ্রুতি দেয় তা প্রতারণা ছাড়া আর কিছুই না। নিঃসন্দেহে যারা আমার খাস বান্দা তাদের উপর তোমার কোন ক্ষমতা চলবে না। আর কর্মবিধায়ক হিসেবে তোমার রবই যথেষ্ট। (সূরহ বনি ইসরাইল, আ: ৬৩-৬৫)

জানা প্রয়োজন:

সম্মানিত পাঠক! 'সরল পথে শয়তানের ফাঁদ' অধ্যায়ের সূরহ আরাফের ১১-১৮ নং আয়াতের আলোচনা থেকে জ্ঞানবান ব্যক্তিদের জন্য অনেক কিছু জানার আছে, বোঝার আছে। কাজেই আমি এই কিতাবের 'জানা প্রয়োজন' শিরোনামে সূরহ আরাফের ১১-১৮ নং আয়াতের আলোচনা থেকে সার্বক্ষনিক চলমান শিক্ষনীয় বিষয়গুলো সংক্ষেপে তুলে ধরার চেষ্টা করবো, ইংশাআল্লাহ।

১১ নং আয়াত হতে শিক্ষনীয় বিষয়-

(১) শয়তান যে মানুষের প্রকাশ্য শত্রু এ কথা মহান আল্লাহ তা'য়ালা কুরআন মাজিদে কয়েক জায়গায় উল্লেখ করেছেন। যেমন আল্লাহ তা'য়ালা বলেন-

وَقُلْ لِّعِبَادِيْ يَقُوْلُوا الَّتِيْ هِيَ اَحْسَنُ ۗ اِنَّ الشَّيْطٰنَ يَنْزَغُ بَيْنَهُمْ ۗ اِنَّ الشَّيْطٰنَ كَانَ لِلْاِنْسَانِ عَدُوًّا مُّبِيْنًا ﴿٥٣﴾

"আর আমার বান্দাদেরকে বল, তারা যেন এমন কথা বলে, যা অতি সুন্দর। নিশ্চয়ই শয়তান তাদের মধ্যে ঝগড়া-বিভেদ-বিশৃঙ্খলা সৃষ্টি করে। নিশ্চয়ই শয়তান মানুষের প্রকাশ্য শত্রু।" (সূরহ বনি ইসরাইল, আ: ৫৩)

আল্লাহ বলেন-

يٰٓاَيُّهَا النَّاسُ كُلُوْا مِمَّا فِي الْاَرْضِ حَلٰلًا طَيِّبًا ۖ وَّلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ۗ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿١٦٨﴾

“হে মানুষ! জমীনে যা রয়েছে, তা থেকে হালাল-পবিত্র বস্তু আহার কর এবং শয়তানের পথ অনুসরণ করো না। নিশ্চয়ই সে তোমাদের প্রকাশ্য শত্রু।” (সূরহ বাকারহ, আ: ১৬৮)

আল্লাহ আরো বলেন-

يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ادْخُلُوْا فِي السِّلْمِ كَآفَّةً ۪ وَلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿۲۰۸﴾

“হে মুমিনগণ! তোমরা ইসলামে পূর্ণরূপে প্রবেশ কর এবং শয়তানের পথ অনুসরণ করো না। নিশ্চয়ই সে তোমাদের জন্য প্রকাশ্য শত্রু।” (সূরহ বাকারহ, আ: ২০৮)

আল্লাহ তা’য়ালা বলেন-

قَالَ يٰبُنَيَّ لَا تَقْصُصْ رُءْيَاكَ عَلٰٓى اِخْوَتِكَ فَيَكِيْدُوْا لَكَ كَيْدًا ؕ اِنَّ الشَّيْطٰنَ لِلْاِنْسَانِ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿۵﴾

“সে বলল (অর্থাৎ ইয়াকুব বলল)- হে আমার পুত্র, তুমি তোমার ভাইদের নিকট তোমার স্বপ্নের কথা বলিও না। তাহলে তারা তোমাদের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্র করবে। নিশ্চয়ই শয়তান মানুষের প্রকাশ্য শত্রু।” (সূরহ ইউসুফ, আ: ৫)

তবুও মানুষ লোভে পড়ে অথবা অজ্ঞতার কারণে অথবা অধিক উদারতা দেখিয়ে অথবা হিংসায় জর্জরিত হয়ে, সেই প্রকাশ্য শত্রু শয়তানের পথই অনুসরণ করে। যদিও মানুষের স্রষ্টা, মানুষের অভিভাবক মহান আল্লাহ তা’য়ালা সেই শয়তানের পথ অনুসরণ করতে মানুষকে নিষেধ করেছেন।

(২) কেন ও কখন থেকে শয়তান মানুষের প্রকাশ্য শত্রু হয়েছে, সেটাও অত্র আয়াত থেকে স্পষ্ট হয়েছে। আর তা হলো- যখন আল্লাহ তা’য়ালা মানবজাতির পিতা আদম (আ:) অর্থাৎ আবুল বাশার আদম (আ:) কে সৃষ্টি করেছেন এবং তাকে সম্মানিত করেছেন। তখন শয়তান আদম (আ:) এর এই সম্মানকে অস্বীকার করেছে এবং তা প্রকাশ্যে। সুতরাং অভিশপ্ত ইবলীস আমাদের পিতা আদম (আ:) এর সম্মানকে সহ্য করতে

পারে নাই। সে জন্যই সে মহান আল্লাহর নাফরমানী করেছে এবং প্রকাশ্যে আমাদের পিতা হযরত আদম (আ:) এর বিরোধিতা করেছে।

অতএব, যে মানবজাতির পিতার প্রকাশ্য শত্রু, সে গোটা মানবজাতির কল্যাণ কামনা করে না। মহান আল্লাহ তা'য়ালা এই অভিশপ্ত শয়তান হতে আমাদের হেফাজত করুন, আমিন।

(৩) মানবজাতির সম্মান রক্ষার্থেই মহান আল্লাহ তা'য়ালা শয়তানকে অভিশপ্ত করেছেন। আর মানবজাতির মূর্খ শ্রেণীর লোকেরাই শয়তানকে বন্ধু বানিয়ে নিয়েছে এবং শয়তানের কর্মসূচি বাস্তবায়নের পথে হাটছে। হায় আফসোস! এই মূর্খ শ্রেণীর অকৃতজ্ঞ মানুষদের জন্য, যারা শয়তানের ইচ্ছাপূরণের চেষ্টা করে।

(৪) অভিশপ্ত শয়তানই সর্বপ্রথম প্রকাশ্যে মহান আল্লাহ তা'য়ালার আদেশ অমান্য করে। সুতরাং মহান আল্লাহ তা'য়ালার নিকট আশ্রয় প্রার্থনা করছি আল্লাহর আদেশ অমান্যকারীদের অন্তর্ভুক্ত হওয়া থেকে।

১২ নং আয়াত হতে শিক্ষনীয় বিষয়-

(১) শয়তান যখন আল্লাহ তা'য়ালার আদেশ অমান্য করলো এবং আদম (আ:) এর সম্মানকে অস্বীকার করলো, তখন মহান আল্লাহ তা'য়ালা অভিশপ্ত শয়তানের নিজ মুখ হতে স্বীকারোক্তি বা জবানবন্দি নিতে চাইলেন। শয়তানকে বললেন- 'কিসে তোমাকে বাঁধা দিয়েছে যে সিজদা করছো না, যখন আমি তোমাকে নির্দেশ দিয়েছি!' শয়তান তার জবানবন্দীতে বলল- 'আমি তার চেয়ে উত্তম। আপনি আমাকে আগুন থেকে সৃষ্টি করেছেন। আর তাকে সৃষ্টি করেছেন কাদামাটি থেকে।'

শয়তান তার বড় বড় দুইটি অপরাধ- (১) আল্লাহর আদেশ অমান্য করা, (২) আদম (আ:) এর সম্মানকে অস্বীকার করা। এই দুইটি অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা তো করলোই না বরং সে তার অহংকার প্রকাশ করলো এবং তার এই অহংকার বশত শ্রেষ্ঠত্ব প্রকাশের অচল যুক্তি উপস্থাপন করলো।

(২) সর্বপ্রথম অভিশপ্ত শয়তান অহংকার করেছিলো এবং নিজেই নিজের শ্রেষ্ঠত্ব জাহির করছিলো তার অভিভাবকের সামনে।

(৩) অভিশপ্ত শয়তানই প্রথম সত্যের সামনে যুক্তি উপস্থাপন করেছিলো, যা বাস্তব দৃষ্টিতে খুবই অচলযুক্তি। সুতরাং সত্যের সামনে যারা যুক্তি দাড় করতে চায় এবং অহংকার বসত নিজের শ্রেষ্ঠত্ব দাবি করে। তাদের অচল যুক্তির রোষানলে তারা নিজেরাই পতিত হয়।

১৩ নং আয়াত হতে শিক্ষনীয় বিষয়-

(১) অহংকরাকারীদেরকে মহান আল্লাহ তা'য়ালা পছন্দ করেন না।

(২) অহংকারকারী বেশি সময় ইসলামের মধ্যে থাকতে পারে না। কেন না মহান আল্লাহ তা'য়ালাই অহংকারকারীকে বের করে দেন।

(৩) অহংকার লাঞ্ছিত হওয়ার মূল কারণ।

